

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা)
৭১-৭২ ইন্সটান গার্ডেন, ঢাকা
www.bfsa.gov.bd




স্মারক নম্বরঃ ১৩.০২.০০০০.৫০৬.৩২.০০৩.১৯- ২৫৮(৩)

তারিখঃ ২৭ আশ্বিন ১৪২৭
১২ অক্টোবর ২০২০

বিষয়ঃ সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিরাপদ খাদ্য বিষয়ক তথ্য প্রদানের সময় ও ব্যয় সংকোচনে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থবছরের সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়নে সোশ্যাল মিডিয়ায় নিরাপদ খাদ্য বিষয়ক তথ্য প্রদান এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ আলোকে নিরাপদ খাদ্য আইন, বিধি-প্রবিধি এবং খাদ্যের নিরাপদতা বিষয়ক তথ্যভিত্তিক ডকুমেন্টারি ও টিভিসি তৈরি করে সোশ্যাল মিডিয়ায় প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম ত্বরান্বিত করা প্রয়োজন। খাদ্যের নিরাপদতা নিশ্চিতকরণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের পরিচালিত মোবাইল কোর্ট, বাজার মনিটরিং, খাদ্য শিল্প-কারখানা পরিদর্শন, নমুনা পরীক্ষার ফলাফল, সতর্কীকরণ গনবিজ্ঞপ্তি, জনসচেতনতামূলক সভা, সেমিনার ও কর্মশালা এবং ক্যারাভান রোড শো কার্যক্রমের তথ্যসমূহ (ছবি, ভিডিও এবং ডকুমেন্টারি) সংগ্রহ করে কর্তৃপক্ষের অফিসিয়াল ফেসবুক পেজ ও ইউটিউব চ্যানেলে আইটি বিভাগের মাধ্যমে প্রচারের জন্যে জনসংযোগ কর্মকর্তাকে নির্দেশ দেয়া হলো।


(আব্দুল হাসানের স্বাক্ষর)

সচিব

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ফোন-৫৫১৩৮৬০০

বিতরণঃ

১. আইটি-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
২. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
২. পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৩. সিনিয়র সহকারী সচিব, বৈদেশিক সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়
৪. পিএসটু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. নথি